চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের তথ্য বিশ্লেষণ

(৪ জুন ২০১০ তারিখে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত সংবাদ সম্মেলনে উত্থাপিত)

সুজন—সুশাসনের জন্য নাগরিক

আগামী ১৭ জুন, ২০১০ তারিখে চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচন। এ নির্বাচনে মেয়র পদে ৮ জন, সাধারণ আসনে কাউন্সিলর পদে ২৪৭ জন এবং সংরক্ষিত আসনের (মহিলা) কাউন্সিলর পদে ৫৯ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। নির্বাচনী বিধি অনুযায়ী প্রার্থীগণ মনোনয়নপত্রের সঙ্গে হলফনামা আকারে ৭ ধরনের তথ্য রিটার্নিং অফিসারের কার্যালয়ে দাখিল করেছেন। প্রসঙ্গত, **‘সুজন’**-এর অনমনীয় প্রচেষ্টার ফলেই নাগরিকদের তথ্যপ্রাপ্তির এ অধিকার প্রতিষ্ঠিত হয়েছে এবং উচ্চ আদালত ভোটারদের এ অধিকারকে মৌলিক অধিকার বলে স্বীকৃতি দিয়েছেন।

আমরা **‘সুজন’**-এর উদ্যোগে প্রার্থীগণ প্রদত্ত তথ্যসমূহ বিশ্লেষণ করে গণমাধ্যমের সহযোগিতায় জনগণের কাছে তুলে ধরতে চাই। এ বিশ্লেষনের ভিত্তি হলো নির্বাচন কমিশনের সূত্র থেকে প্রাপ্ত প্রার্থীদের প্রদত্ত তথ্যে। শুধুমাত্র তথ্য প্রকাশই নয়, মেয়র প্রার্থীগণকে জনগণের মুখোমুখি করার জন্য ১টি, সংরক্ষিত ওয়ার্ডের মহিলা কাউন্সিলর প্রার্থীগণকে জনগণের মুখোমুখি করার জন্য ১টি এবং ওয়ার্ড কাউন্সিলর প্রার্থীগণকে জনগণের মুখোমুখি করার জন্য ১০টি ওয়ার্ডে ১০টি ‘জনগণের মুখোমুখি’ অনুষ্ঠান আয়োজনের জন্য **‘সুজন’**-এর পক্ষ থেকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

আমরা জানি যে, মেয়র পদে ১৮ জন, সংরক্ষিত মহিলা কাউন্সিলর পদে ৬৮জন এবং ওয়ার্ড কাউন্সিলর পদে ৩২২ জন মনোনয়ন পত্র দাখিল করলেও, মনোনয়নপত্র বাছাই ও প্রত্যাহারের পর চূড়ান্ত লড়াইয়ে যথাক্রমে ৮ জন, ৫৯ জন এবং ২৪৭ জন, অর্থাৎ সর্বমোট ৩১৪ জন টিকে আছেন। চূড়ান্ত প্রার্থীদের বিশ্লেষণকৃত তথ্যসমূহ নিম্নে প্রদত্ত হলো।

শিক্ষাগত যোগ্যতা

পদ	এসএসসি‘র নীচে	এসএসসি	এইচএসসি	স্নাতক	স্নাতকোত্তর	উল্লেখ নেই	মোট
মেয়র	-	-	৩ (৩৭.৫%)	৩ (৩৭.৫%)	২ (২৫%)	-	৮ (১০০%)
কাউন্সিলর	৮৫ ৩৪.৪১%	৪৯ ১৯.৮৩%	৫৬ ২২.৬৭%	৪১ ১৬.৫৯%	১৬ ৬.৪৭%	-	২৪৭ (১০০%)
মহিলা কাউন্সিলর	২৭ ৪৫.৭৬%	১১ ১৮.৬৪%	১০ ১৬.৯৪%	৫ ৮.৪৭%	৬ ১০.১৬%	-	৫৯ (১০০%)

সূত্র: নির্বাচন কমিশনের ওয়েভসাইট

- চূড়ান্ত প্রতিদ্বন্দ্বিতাকারী ৮ জন মেয়র প্রার্থীর মধ্যে ৫ জন (৬২.৫%) প্রার্থীই স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর অধিকারী।
- কাউন্সিলর পদে ২৪৭ জন প্রতিদ্বন্দ্বিতাকারীর মধ্যে এসএসসির নীচে ৮৫ জন (৩৪.৪১%) প্রার্থী, ৪৯ জন (১৯.৮৩%) এসএসসি, ৫৬ জন (২২.৬৭%) এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীধারী হচ্ছে যথাক্রমে ৪১ ও ১৬ জন (১৬.৫৯% ও ৬.৪৭%) প্রার্থী।
- সংরক্ষিত নারী আসনের কাউন্সিলরদের মধ্যে ২৭ জনই (৪৫.৭৬%) এসএসসির নীচে এবং ৫ জন (৮.৪৭%) স্নাতক ও ৬ জন (১০.১৬%) স্নাতকোত্তর ডিগ্রীধারী।
- সাধারণ ও সংরক্ষিত উভয় ক্ষেত্রেই কাউন্সিলর প্রার্থীগণের অর্ধেকেরও বেশির শিক্ষাগত যোগ্যতা এসএসসি বা তার নীচে।

পেশা সংক্রান্ত তথ্য:

পদ	কৃষি	ব্যবসা	চাকুরি	আইনজীবী	গৃহিনী	অন্যান্য	উল্লেখ নেই	মোট
মেয়র	-	৫ ৬২.৫০%	১ ১২.৫০%	১ ১২.৫০%	-	১ ১২.৫০%	৫ ৬২.৫০%	৮ (১০০%
কাউন্সিলর	১২ ৪.৮৫%	১৮৯ ৭৬.৫১%	২১ ৮.৫০%	৮ ৩.২৩%	-	১৫ ৬.০৭%	২ ০.৮০%	২৪৭ (১০০%)
মহিলা কাউন্সিলর	-	৬ ১০.১৬%	৩ ৫.০৮%	১ ১.৬৯%	৩২ ৫৪.২৩%	৮ ১৩.৫৫%	৯ ১২.২৫%	৫৯ (১০০%)

সূত্র: নির্বাচন কমিশনের ওয়েভসাইট

- প্রতিদ্বন্দ্বিতাকারী ৮ জন মেয়র প্রার্থীর মধ্যে ৫ জনই (৬২.৫০%) পেশা হিসেবে ব্যবসা উল্লেখ করেছেন। এছাড়াও ১ জন (১২.৫০%) চাকুরিজীবী, ১ জন (১২.৫০%) আইনজীবী এবং ১ জন (১২.৫০%) পেশা হিসেবে অন্যান্য উল্লেখ করেছেন।
- পেশাগত দিক থেকে তুলনামূলক বিচারে লক্ষণীয় যে, কাউন্সিলর পদে প্রার্থীদের ১৮৯ জনই (৭৬.৫১%) ব্যবসায়ী। অর্থাৎ জাতীয় সংসদ ও অন্যান্য নির্বাচনের ন্যায় চট্টগ্রাম সিটি করপোরেশন নির্বাচনেও ব্যবসায়ীদের আধিক্য বেশী।
- সংরক্ষিত নারী আসনের ৫৯ জন প্রার্থীর মধ্যে ৩২ জনই (৫৪.২৩%) গৃহিনী।

মামলা সংক্রান্ত তথ্য:

পদ	বর্তমান মামলা	অতীত মামলা	৩০২ ধারায় মামলা	মোট
মেয়র	১	২	-	৩
কাউন্সিলর	৪০	৪৯	১৩	১০২
মহিলা কাউন্সিলর	২	২	-	৪

সূত্র: নির্বাচন কমিশনের ওয়েভসাইট

- মেয়র পদে প্রতিদ্বন্দ্বিকারী প্রার্থীদের মধ্যে ২ জনের বিরুদ্ধে মামলা রয়েছে, তার মধ্যে জনাব এবিএম মহিউদ্দিন চৌধুরীরর মামলার সংখ্যা সবচেয়ে বেশি। তাঁর বর্তমানে মামলা রয়েছে ১৪টি (এর মধ্যে ১০টি স্থগিত, ৩টি বিচারাধীন ও ১টি তদন্তাধীন)। তাঁর বিরুদ্ধে অতীতে ৮টি মামলা ছিলো।
- কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতাকারীদের ১০২ জনের বিরুদ্ধে মামলা রয়েছে। এর মধ্যে ১৩ জনের বিরুদ্ধে ৩০২ ধারা অর্থ্যাৎ হত্যা মামলা রয়েছে।
- সংরক্ষিত নারী আসনের প্রার্থীদের মধ্যে ২ জনের বিরুদ্ধে বর্তমানে ও ২ জনের বিরুদ্ধে অতীতে মামলা ছিল।

সম্পদের তথ্য

পদ	৫ লক্ষের নীচে	৫ লক্ষ ১ টাকা থেকে ১৫ লক্ষ টাকা	১৫ লক্ষ ১টাকা থেকে ২৫ লক্ষ	২৫ লক্ষ ১ টাকা থেকে ৫০ লক্ষ	৫০ লক্ষ ১ টাকা থেকে ১ কোটি	১ কোটি ১ টাকা থেকে ১০ কোটি	১০ কোটির উপরে	উল্লেখ নেই	মোট
মেয়র	২ (২৫%)	৩ (৩৭.৫%)	-	-	-	১ (১২.৫%)	১ (১২.৫%)	১ (১২.৫%)	৮ (১০০%)
কাউন্সিলর	১৬২ (৬৫.৫৮%)	৪২ (১৭%)	৭ (২.৮৩%)	১১ (৪.৪৫%)	৫ (২.০২%)	৩ (১.২১%)	২ (০.৮০%)	১৫ (৬.০৭%)	২৪৭ (১০০%)
মহিলা কাউন্সিলর	৪১ (৬৯.৪৯%)	১২ (২০.৩৩%)	২ (৩.৩৮%)	২ (৩.৩৮%)		২ (৩.৩৮%)	-	-	৫৯ (১০০%)

সূত্র: নির্বাচন কমিশনের ওয়েভসাইট

- হলফনামায় প্রদত্ত সম্পদের বিবরণী বিশ্লেষণ করলে দেখা যায় যে, মেয়র পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মধ্যে ২ জন রয়েছেন কোটিপতি, এদের মধ্যে মোহাম্মদ মনজুর আলমের ১০ কোটির ওপরে সম্পদ রয়েছে (স্থাবর ও অস্থাবর সকল সম্পদের মূল্য উল্লেখ করেছেন)।
- সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রার্থীর মধ্যে অনেকেই সম্পদের মূল্য উল্লেখ করেন নি। তবে ১৬২ জন প্রার্থীর সম্পদ ৫ লক্ষ টাকার নীচে। এদের মধ্যে ৫ জন কোটিপতি।
- ৫৯ জন সংরক্ষিত নারী আসনের প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মধ্যে ৪১ জনের ৫ লক্ষ টাকার নীচে, ২ জনের ১ কোটি টাকার ওপরে সম্পদ রয়েছে।

দায়-দেনা ও ঋণ সংক্রান্ত তথ্য

পদ	৫ লক্ষের নীচে	৫ লক্ষ থেকে ১৫ লক্ষ টাকা	১৫ লক্ষ ১টাকা থেকে ২৫ লক্ষ	২৫ লক্ষ ১ টাকা থেকে ৫০ লক্ষ	৫০ লক্ষ ১ টাকা থেকে ১ কোটি	১ কোটি ১ টাকা থেকে ১০ কোটি	১০ কোটির উপরে	মোট
মেয়র	-	-	-	-	-	-	২	২
কাউন্সিলর	১৩	১০	২০	৩	৩	১০	-	৫৯
মহিলা কাউন্সিলর	৫	১	-	-	-	-	-	৬

সূত্র: নির্বাচন কমিশনের ওয়েভসাইট

- মেয়র পদে ২ জন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর ঋণ ও দায় রয়েছে এবং ২ জনেরই ঋণের পরিমাণ ১০ কোটি টাকার ওপরে। এদের মধ্যে জনাব মনজুর আলম এর প্রায় ১৬৩ কোটি ১ লাখ টাকা এবং জনাব মোঃ সোলায়মান আলম শেঠ এর ৯৬ কোটি ১০ লাখ টাকার ঋণ রয়েছে।
- সাধারণ আসনের কাউন্সিলর প্রার্থীদের মধ্যে ৫৯ জনের ঋণ রয়েছে, যার মধ্যে ১০ জনের ঋণের পরিমাণ ১ কোটি টাকা থেকে ১০ কোটি টাকা।

কর সংক্রান্ত তথ্য (মেয়র প্রার্থী)

নাম	নিট সম্পদ	প্রদত্ত করের পরিমাণ	পারিবারিক ব্যয় (বাৎসরিক)
এ বি এম মহিউদ্দিন চৌধুরী	১,২৭,৬৯,০৮৭/-	১০,৯০০/-	১,৪৫,০০০/-
মোঃ ইব্রাহিম	-	-	-
মোহাম্মদ মনজুর আলম	১৮,৬৮,৯৬,৬৭৯/-	১২,৮৫,১৩৩/-	৩২,৬০,৫৪৭/-
সৈয়দ সাজ্জাদ জোহা	-	-	-
অধ্যাপক মোফাজ্জল হোসেন ভূঁইয়া	১০,৭১,০০০/-	৩,৬০০/-	১,৩০,০০০/-
মোঃ সোলায়মান আলম শেঠ	৭,৪১,০০০/-	৮,৫০০/-	১,৫০,০০০/-
আলহাজ্ব জানে আলম	-	-	-
মোঃ রফিকুল আলম	-	-	-

সূত্র: নির্বাচন কমিশনের ওয়েভসাইট

- ৮ জন মেয়র প্রার্থীর মধ্যে মাত্র ৪ জন আয়কর প্রদান করেন। তার মধ্যে সর্বোচ্চ কর প্রদান করেছেন মোহাম্মদ মনজুর আলম।
- আয়কর প্রদানকারী প্রার্থীগণের মধ্যে জনাব মনজুর আলম ছাড়া অন্য ৩ জনের গড় মাসিক পারিবারিক ব্যয় ১০,৮৩৩/- টাকা থেকে ১২,৫০০/- টাকার মধ্যে।

প্রার্থীদের প্রদত্ত তথ্যের ভিত্তিতে তৈরি বিস্তারিত তুলনামূলক চিত্রের জন্য দেখুন:

www.votebd.org